দৈনিক বাংলা
সংবাদপত্রে বিজ্ঞাপন
প্রকাশ করতে
যোগাযোগ
নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/
গল্প প্রকাশিত করতে
যোগাযোগ নং -
৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 22 AUGUST 2025 , FRIDAY | ২২ আগস্ট ২০২৫ , শুক্রবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-370

## ভারত নেপাল সীমান্তের গ্রাম থেকে গ্রেপ্তার বাংলাদেশী নাগরিক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২১ আগস্ট : ভারত নেপাল সীমান্তের খড়িবাড়ির গৌর সিং জোত গ্রাম থেকে এক বাংলাদেশী নাগরিককে বুধবার রাতে গ্রেপ্তার করে সীমান্তে কর্তব্যরত সশস্ত্র সীমা বলের একচল্লিশ নম্বর ব্যাটালিয়নের জওয়ানরা। জানা গেছে ধৃতের নাম লঙ্কেশ্বর চন্দ্র রায়, বাংলাদেশের লালমনিরহাটের বাসিন্দা। সে গত বছর আগস্ট মাসে ভারতীয় ভিসা নিয়ে বৈধভাবে ভারতে প্রবেশ করে। ভিসার মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলে ও সে বাংলাদেশে ফিরে না গিয়ে ভারতেই বসবাস করতে থাকে। সশস্ত্র সীমা বলের জওয়ানরা তাকে গ্রেপ্তার করে তার হেফাজত থেকে উদ্ধার করে বাংলাদেশী পরিচয়পত্র, পাশ পোর্ট। সশস্ত্র সীমা বলের জওয়ানরা ধৃত লঙ্কেশ্বর চন্দ্র রায় কে খড়িবাড়ি থানার পুলিশের হাতে তুলে দেয়। পুলিশ ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে ধৃতকে বৃহস্পতিবার শিলিগুড়ি আদালতে পাঠিয়েছে।

## ট্রেন চালকের তৎপরতায় বেঁচে গেল দাঁতাল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ২১ আগস্ট : ট্রেন চালকের তৎপরতায় বড় দুর্ঘটনা থেকে বেঁচে গেল একটি বুনো হাতি। এমনটাই জানা গেছে আলিপুরদুয়ার রেল দপ্তর সূত্রে বৃহস্পতিবার বিকেল পাঁচটা নাগাদ। আলিপুরদুয়ার ডিভিশনাল রেল সুত্রে খবর এদিন আপ সিকিম মহানন্দা ট্রেনের সামনে নাগরকাটা এলাকায় রেললাইনে চলে আসে একটি হাতি। ট্রেন চালক এ কে মিশ্রা রেললাইনে হাতি দেখে ব্রেক কষে ট্রেন দাড় করিয়ে দে আর এতে বড় ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা পায়।

## পাঁচ দফা দাবিতে ব্লক কৃষি অধিকর্তাকে ডেপুটেশন সারা ভারত কৃষক সভার




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২১ আগস্ট : পাঁচ দফা দাবিতে কুমারগ্রাম ব্লকের সহকারী কৃষি অধিকর্তাকে ডেপুটেশন দিল সারা ভারত কৃষক সভা কুমারগ্রাম ব্লক কমিটি। বৃহস্পতিবার সংগঠনের সদস্যরা মিছিল করে কুমারগ্রাম কৃষি বাজার স্থিত সহকারী কৃষি অধিকর্তার দপ্তরে যান। সেখানে তাদের দাবির সমর্থনে স্লোগান দেন। তারপর কয়েকজন প্রতিনিধি সহকারী কৃষি অধিকর্তার দপ্তরে প্রবেশ করে তাদের দাবিপত্রটি সহকারী কৃষি অধিকর্তাকে প্রদান করেন। সারা ভারত কৃষক সভার কুমারগ্রাম ব্লক কমিটির সম্পাদক দেবেশ্বর রায় জানান তাদের দাবিগুলি হলো আলুর সহায়ক মূল্য কুইন্টাল প্রতি তেরোশো টাকা করা, মাটি পরীক্ষা ও কৃষি যন্ত্রপাতি সরবরাহে দূর্নীতি বন্ধ করা, সারের কালোবাজারি বন্ধ করে মুদ্রিত মূল্যে কৃষি সমবায় সমিতির মাধ্যমে সার বিক্রির ব্যবস্থা করা, খরিফ মরশুমে খরা ঘোষনা করা ও শস্য বীমার টাকা দ্বিগুন করা, কৃষি ঋন মকুব করে কৃষক বন্ধু ও পি এম প্রকল্পের অর্থ দ্বিগুন করে সমস্ত কৃষকদের প্রদান করা। ডেপুটেশন গ্রহন করে সহকারী কৃষি অধিকর্তা জানান তিনি দাবি গুলি বিবেচনার জন্য দাবিপত্রটি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পাঠিয়ে দেবেন।

## নাকা চেকিংএ উদ্ধার তিন হাজার নশো বোতল নিষিদ্ধ কফ সিরাপ, গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার,২১ আগস্ট : মাদক মুক্ত সমাজ গড়ার লক্ষ্যে কোচবিহার জেলা পুলিশ অবৈধ মাদক ও নেশা জাতীয় সামগ্রীসহ পাচারকারী ও কারবারিদের ধরতে প্রতিদিন জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে নাকা চেকিং পরিচালনা করছে। নাকা চেকিং এ সাফল্যও মিলছে। প্রতিদিন ধরা পড়ছে মাদক দ্রব্য সহ নেশার সামগ্রী, গ্রেপ্তার হচ্ছে এসব সামগ্রী পাচারকারী ও কারবারীরা। বৃহস্পতিবার কোচবিহার জেলার বক্সীরহাট থানার পুলিশ সাতাশ নম্বর জাতীয় সড়কের অসম বাংলা সীমানার নাজিরান দেউতিখাতায় নাকা চেকিং এ একটি লরি আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে লরি থেকে পাওয়া আঠারোটি প্লাস্টিকের বস্তা থেকে উদ্ধার হয় তিন হাজার নশো বোতল নিষিদ্ধ কফ সিরাপ। গ্রেপ্তার করা হয় লরি চালককে। ধৃত লরি চালকের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে ধৃতকে আদালতে পেশ করা হয়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# পঞ্চায়েত সদস্যা হয়েও রেসিডেন্ট সার্টিফিকেট দিতে পারছেন না



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ২১ আগস্ট : ভোটে জিতেছেন বিনা প্রতিদ্বন্দ্বিতায় কিন্তু বর্তমানে তার কোন ভোটার নেই। আশ্চর্য হলেও চিরন্তন সত্য। ঘটনাটি কুমারগ্রাম ব্লকের এক নম্বর বুথে। ভোটে জিতে পঞ্চায়েত সদস্যা হয়েছেন কিন্তু তার বুথের কোন চিহ্ন নেই এলাকায়। বর্তমানে তার কোন ভোটার নেই। উন্নয়নের কোন কাজ তিনি করতে পারছেন না। ডুয়ার্সের আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার ভুটিয়া বস্তি এলাকার পঞ্চায়েত সদস্যা বিন্দা ছেত্রী বৃহস্পতিবার বিকেলে এমনটাই জানালেন। কুমারগ্রাম ব্লকের এক নম্বর বুথের ভুটিয়া বস্তি এলাকার গ্রাম পঞ্চায়েত সদস্যা বিন্দা ছেত্রী কে কোন রেসিডেন্স সার্টিফিকেট লিখতে হয় না। ভুটিয়া বস্তি থেকে প্রশাসন বাড়িঘর তুলে দিয়েছে ফলে পঞ্চায়েত সদস্য থাকলেও কোন ভোটার নেই। ভোটারদের ঠিকানা হয়েছে কাল চিনি ব্লকে। ভুটিয়া বস্তিতে ৭৬ জন ভোটার ছিলেন। বিন্দা ছেত্রী কোন প্রতিদ্বন্দ্বিতা ছাড়াই তৃণমূলের পঞ্চায়েত সদস্য হিসেবে নির্বাচিত হয়েছিলেন। বর্তমান পরিস্থিতিতে তুরতুরি খন্ড গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন সভাতে বিন্দা ছেত্রী যোগদান করলেও তার এলাকায় উন্নয়নের কথা বলতে পারেন না তিনি। বর্তমানের তিনি উপ প্রধানের বুথে বাড়ি করে সেখানেই বাস করছেন। ভুটিয়া বস্তিতে অনেক আয়ের রাস্তা ছিল কিন্তু এখন আর কোন আয় নেই বর্তমান ঠিকানায়। ভুটিয়া বস্তিতে থাকাকালীন তিনি অনেকটাই স্বস্তির নিঃশ্বাস ফেলেছিলেন ভোটারদের পাশে থেকে। বর্তমান সময়ে তিনি অনেকটাই ভেঙ্গে পড়েছেন ভুটিয়া বস্তি না থাকায়। উল্লেখ্য বক্সা ব্যাঘ্র প্রকল্পের বন্য জন্তুদের জায়গা বাড়াতে এবং জঙ্গলে বাঘ ছাড়ার পরিকল্পনায় ভুটিয়া বস্তির বাসিন্দাদের অন্যত্র সরিয়ে নেয় রাজ্য সরকার।

# মোবাইলের দোকানে চুরি নিয়ে চাঞ্চল্য



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ২১ আগস্ট : খাপসারডাঙ্গা বাজার এলাকায় মোবাইলের দোকানে চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। দোকানে চুরির বিষয় নিয়ে অভিযোগ দায়ের হয়েছে শামুকতলা রোড পুলিশ ফাঁড়িতে এমনটাই জানা গেছে পুলিশ সূত্রে বৃহস্পতিবার বিকেল পাঁচটা নাগাদ। যদিও অভিযোগ হওয়ার আগেই চুরির খবর শুনে ঘটনার তদন্ত শুরু করেছেন শামুকতলা রোড ফাঁড়ি পুলিশ। যদিও মোবাইলের দোকানের মালিক সুমন্ত পন্ডিত জানিয়েছেন ঘরের টিনের চাল কেটে দুষ্কৃতী ঘরে ঢুকে দোকানে থাকা মোটা অংকের টাকা নিয়ে পালিয়েছে। তবে দোকানের মোবাইল কিংবা দোকানে থাকা অন্য কোন জিনিস নেয়নি। দুর্গাপূজা আসন্ন এর আগেই চুরির ঘটনা ঘটে যাওয়ায় ব্যবসায়ীরা আতঙ্কিত হয়ে করেছেন খাপসারডাঙ্গা বাজার এলাকায়।

# পুজো কমিটির কর্মকর্তাদের নিয়ে বৈঠক আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ২১ আগস্ট : আসন্ন দূর্গা পুজো নিয়ে বৃহস্পতিবার আলিপুরদুয়ার পৌরসভার সভাকক্ষে আলিপুরদুয়ার জেলার বিভিন্ন পুজো কমিটির সদস্যদের নিয়ে সভা করলেন আলিপুরদুয়ার মহুকুমা শাসক। দূর্গা পুজো নিয়ে সরকারি কি কি নির্দেশিকা রয়েছে সেগুলো এদিনের সভায় তুলে ধরা হয়। এছাড়া কিভাবে পুজো অনুমতি মিলবে সেই নিয়ে ও এদিনের সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলিপুরদুয়ার মহুকুমা শাসক দেবব্রত রায় জানান এদিনের সভায় সমস্ত পুজো কমিটি দের সরকারি যে নির্দেশিকা আছে তা বলা হয়। এছাড়া কিভাবে সহজেই মিলবে সব অনুমতি এই নিয়ে আলোচনা হয়। এদিনের সভায় উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার পৌরসভা চেয়ারম্যান প্রশেনজিৎ কর। তিনি জানান পৌরসভা থেকে সমস্ত ঘাট গুলো ঠিক করা হবে যাতে বিসর্জন সময় সুবিধা হয় পুজো কমিটিদের।

# হাতির হানায় ভাঙ্গলো দুটি দোকান ও পৃথক দুটি বাড়ির দুটি ঘর





সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২১ আগস্ট : আলিপুরদুয়ার জেলার ফালাকাটা ব্লকের তাসাটি চা বাগানে বুধবার রাতে হামলা চালায় তিনটি বুনো হাতি। জানা গেছে দলগাঁও জঙ্গল থেকে হাতি গুলো বেরিয়ে আসে ও খাবারের সন্ধানে শ্রমিক মহল্লার পৃথক দুটি বাড়িতে হানা দিয়ে দুটি ঘর ভেঙ্গে দেয়। এরপর হাতিগুলি সেখান থেকে সরে গিয়ে দুটি দোকানে খাবারের খোঁজে হানা দিয়ে দোকানের শাটার ভেঙ্গে দোকানের ক্ষতি করে। হ স্থানীয় বাসিন্দারাজানান রাত আনুমানিক দেড়টা নাগাদ হাতির পালের হানাদারি টের পেয়ে তারা চীৎকার চেঁচামেচি শুরু করলে হাতি গুলি জঙ্গলের দিকে চলে যায়। খবর পেয়ে বন দপ্তরের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছান। ততক্ষণে হাতি তিনটি জঙ্গলের পথে হাঁটা দিয়েছে। ক্ষতিগ্রস্তরা বন দপ্তরের কাছে ক্ষতিপূরনের দাবি জানিয়েছেন। বন দপ্তর সূত্রে জানানো হয় নির্দিষ্ট নিয়ম মেনে আবেদন করলে ক্ষতিপূরণ পাওয়া যাবে।

# রাস্তা তৈরি না করেই টাকা আত্মসাৎ এর অভিযোগ জেলা শাসকের কাছে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ২১ আগস্ট :ভুয়ো নাম ব্যবহার করে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসন ৬ লক্ষ ৪৩ হাজার টাকার রাস্তার টেন্ডার করেছেন। ডুয়ার্সের আলিপুরদুয়ার জেলার ধওলাঝোড়া এলাকায় পি ডব্লিউ ডি রোড থেকে কমল দাসের বাড়ি পর্যন্ত সিমেন্ট কংক্রিটের রাস্তা তৈরি করা হয়েছে। রাস্তা তৈরি হয়েছে দেখিয়ে ৫ লক্ষ টাকার বিল তুলে ফেলা হয়েছে। তথ্য জানার অধিকার আইনে বিষয়টি প্রকাশিত হয়েছে। বিষয়টি নিয়ে জেলাশাসকের কাছে অভিযোগ দায়ের হয়েছে বৃহস্পতিবার বিকেল পাঁচটা নাগাদ। অভিযোগ দায়ের করেছেন এলাকার এক ব্যক্তি। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসন রাস্তার টেন্ডার করেছেন। বিষয়টি নিয়ে অভিযোগ দায়ের হয়েছে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির কাছে। যদিও ধওলাঝোড়া এলাকার শাসক দলের কোন নেতা জানেন না কমল দাস নামে কোন ব্যক্তি আছে কিনা। বিভাগীয় তদন্তের দাবী জানানো হয়েছে জেলা শাসক কে।

# চা বাগান থেকে উদ্ধার বিশালাকৃতির কিং কোবরা



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ২১ আগস্ট : জলপাইগুড়ি জেলার যাদবপুর চা বাগান থেকে বৃহস্পতিবার উদ্ধার হয় একটি বিশালাকৃতির কিং কোবরা সাপ। জানা গেছে এদিন শ্রমিকরা বাগানে কাঁচা চা পাতা তোলার সময় একটি কালো কুচকুচে কিং কোবরা সাপকে চা বাগানে শুয়ে থাকতে দেখে আতঙ্কিত হয়ে পড়েন। মুহূর্তের মধ্যে বন্ধ হয়ে যায় চা পাতা তোলার কাজ। খবর দেওয়া হয় স্থানীয় পরিবেশ প্রেমী সংগঠন এর সদস্যদের। খবর পেয়ে পরিবেশ প্রেমী সংগঠন এর সদস্যরা চা বাগানে যান ও এক ঘন্টার চেষ্টায় সাপটিকে ধরতে সমর্থ হন। সাপটিকে ধরে তারা গরুমারা বন্য প্রাণী বিভাগের কর্মীদের হস্তান্তর করেন। বন কর্মীরা জানান সাপটি প্রায় বারো ফুট লম্বা। সাপটিকে সুস্থ অবস্থায় গরুমারার গভীর জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে। সাপটি ধরা পড়ায় আতঙ্কমুক্ত হন চা শ্রমিকরা।

EIYUG
NEWSPAPER PUBLISHING HOUSE

GRAPHIC DESIGN WORK
* NEWSPAPER
* MAGAZINE
* ALL PAGE
* BOOK
* VISITING CARD
* INVITE CARD
* CARD
* FLEX
* POSTER
* CARTOON
* LOGO

PUBLISHING WORK
NEWSPAPER * MAGAZINE * BOOK

For Work
CONTACT NO: 9836753622
Email: eiyugnewspaperpublishinghouse@gmail.com

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |